

Mr. Noor Ume

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.digholia.khulna.gov.bd

বিষয়ঃ দক্ষিণ চন্দনীমহল আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ০৪.০২.২০২০ তারিখ বেলা ১-০০ টায় দিঘলিয়া উপজেলাধীন সেনহাটি ইউনিয়নের অন্তর্গত দক্ষিণ চন্দনীমহল আশ্রয়ণ-০২ প্রকল্প পরিদর্শন করা। পরিদর্শন কালে সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

০১। প্রকল্পের বিবরণ:

সেনহাটি ইউনিয়ন ভূমি অফিসের অধীন ৪০ নং চন্দনীমহল মৌজার ০১ নং খতিয়ানের ৬.০২৫ একর জমির উপর ২০১১ সনে স্থাপন করা হয়।

০২। প্রকল্পের পুনর্বাসিত পরিবারের বিবরণ

প্রকল্পের ৩০ টি ব্যারাকে ১৫০ টি ইউনিটে ১৪০ পরিবার বসবাস করেছেন। বর্তমানে কোন ইউনিট খালি নেই।

০৩। প্রকল্পে বসবাসরত সমবায় সমিতির অন্তর্ভুক্ত সদস্যদের মধ্যে ২১,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সুদসহ পাওনা ঋণের পরিমাণ ২৩,৪৯,০০০/- টাকা। সুদসহ মোট ঋণের মধ্যে ১৭,১১,৩২৪/- টাকা আদায় হয়েছে। উক্ত টাকা দক্ষিণ চন্দনীমহল আশ্রয়ণ-০২ প্রকল্পের নামীয় সোনালী ব্যাংক, দিঘলিয়া শাখার হিসাবে জমা প্রদান করা হয়েছে। প্রকল্পে বসবাসরত ঘূর্ণায়মান আকারে ১১৫ জন সদস্য/ সদস্যকে ঋণ প্রদান করা হয়েছে। সমিতির মোট সদস্য সংখ্যা ৮৬ জন। উকারভোগী সদস্য সংখ্যা ৮৬ জন। উপকারভোগীরা প্রাপ্ত ঋণ সঠিকভাবে ব্যবহার করছেন কিনা তা পর্যালোচনার জন্য সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়াকে পরামর্শ প্রদান করা হলো।

০৪। প্রকল্পে যাতায়ত ও রাস্তা সংক্রান্তঃ

আশ্রয়ণ-০২ প্রকল্পটি সেনহাটি ইউনিয়ন পরিষদের অধীন চন্দনীমহল গ্রামে সড়কের পাশে অবস্থিত। উপজেলার সাথে সড়ক পথে প্রকল্পে যাতায়াতের ব্যবস্থা আছে।

০৫। পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ

প্রকল্পে বসবাসরত পরিবারের মধ্যে সক্ষম দম্পতি সংখ্যা- ৬৫ জন। প্রকল্পে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম জোঁদার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়াকে পরামর্শ প্রদান করা হলো।

০৬। প্রকল্পের শিক্ষা গ্রহণ উপযোগী ৪৭ জন শিশু রয়েছে। সকল শিশুই বিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করছে মর্মে জানা গেছে। কোন শিশু যাতে বিদ্যালয় হতে ঝরে না পড়ে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়াকে পরামর্শ দেয়া হলো।

০৭। প্রশিক্ষণ সংক্রান্তঃ

প্রকল্পে বসবাসরত সকল সদস্যকে ঋণ প্রদানের সময় প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে জানা গেল। প্রকল্পে বসবাসকারীদের প্রশিক্ষিত করে উপার্জনক্ষম করে গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়াকে পরামর্শ দেয়া হলো।

০৮। কমিউনিটি সেন্টার কার্যক্রমঃ

পুনর্বাসিত পরিবারের সদস্যরা তাদের সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠান পালনে কমিউনিটি সেন্টার ব্যবহার করে থাকেন। কমিউনিটি সেন্টার সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৯। প্রকল্পে সমিতির কার্যক্রম সংক্রান্তঃ

প্রকল্পে একটি সমবায় সমিতি রয়েছে। প্রকল্পের পুনর্বাসিত পরিবারবর্গের মধ্যে সমিতির গঠনমূলক কার্যক্রম পরিচালনার ব্যবস্থা নিতে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়াকে পরামর্শ প্রদান করা হলো।

B